## এ্যালকোহল গ্রহন কারীর সংখ্যা

**World health organization** এর মতে পুরো পৃথিবীতে ২ বিলিয়ন ৭৬ মিলিয়ন লোক এ্যালকোহল ব্যবহারের কারনে বিভিন্ন অসুখে ভুগছে।

## এ্যালকোহল জাতীয় ড্রিংক্স

আমাদের শরীরের জন্য এ্যালকোহল এক প্রকার বিষাক্ত পদার্থ, যা ক্যান্সারের আকারও ধারণ করতে পারে এবং মানুষকে এ্যালকোহলের প্রতি আসক্ত ও নির্ভরশীল করে তোলার ক্ষমতাও এর রয়েছে।


এ্যালকোহলের ব্যবহার শুধুমাত্র আমাদের শরীর ও স্বাস্থের জন্য খারাপ নয়, আমাদের পরিবারের সদস্যগণ এবং কর্মস্থানের কলিগদের জন্যও বিপদজ্জনক।

যদি পুরুষরা দিনে ২-৩ গ্লাসের চেয়ে বেশি এবং মহিলারা ১-২ গ্লাসের চেয়ে বেশি এ্যালকোহল পান করেন তবে তা শরীর ও স্বাস্থের জন্য বড় ধরনের ক্ষতি সাধন করবে। যদি এ্যালকোহল পান করার পরিমান উক্ত পরিমাপের চেয়ে কমও হয়, তারপরও তা শরীরের ক্ষতি সাধন করতে পারে, বিশেষকরে উক্ত ব্যক্তির জন্য বেশি ক্ষতিকারক যে এমন কোন কাজে জড়িত যেখানে তাকে সতর্ক থাকতে হয়, মনযোগী হতে হয় অথবা বিশেষভাবে অন্য কারো যত্ন নিতে হয়।



## এ্যালকোহল সম্পর্কিত রোগ

অনেকদিন ধরে এ্যালকোহলের ব্যবহার শরীরের বিভিন্ন অঙ্গ প্রত্যঙ্গের জন্য অনেক ক্ষতিকারক যা নিচের চিত্রে দেখান হল।




এ্যালকোহল জাতীয় ড্রিংক্স গুলো নিম্মোক্ত সমস্যার জন্যও দায়ী: চোখে দেখার ক্ষমতা কমে যাওয়া, কোন সমস্যার ক্ষেত্রে প্রতিক্রিয়ায় বিলম্ব করা, বিচার ক্ষমতা কমে যাওয়া, বিপদের ঝুকির পরিমান না বোঝার কারনে দুর্ঘটনায় ঝুকির পরিমান বৃদ্ধি করা।

## এ্যালকোহল এবং আইন

১২৫/২০০১ নং "এ্যালকোহল সম্পর্কিত বিষয়বস্তু ও এ্যালকোহল ব্যবহারের ফলে সমস্যাসমুহের আইন" উক্ত আইন অনুযায়ী কর্মক্ষেত্রে এ্যালকোহলের ব্যবহার বা পান করা সম্পূর্ণ নিষেধ কারন তার ফলে কর্মক্ষেত্রে বড় ধরনের রিক্স এবং বিপদের সম্ভাবনা রয়েছে, সেই সাথে ৩য় ব্যক্তির নিরাপত্তা ও স্বাস্থের জন্য ক্ষতির সম্ভাবনাও রয়েছে।

কর্মক্ষেত্রে নিয়োজিত কর্মচারীদের কে মেডিকো কমপেতেন্তে আৎজিয়েন্দালে অথবা কর্মক্ষেত্রের জন্য নির্ধারিত **ASL** এর ডাক্তার দ্বারা এ্যালকোহলে আসক্ত কিনা তা পরীক্ষা করা যায়।

কোন কর্মচারী এ্যালকোহল ব্যবহার জনীত রোগে ভুগলে, অনেক দিন ধরে এ্যালকোহল সেবন করে থাকলে তারা এর থেরাপি নৌয়ার প্রোগ্রামের অর্ন্তভুক্ত হতে পারবেন, সেক্ষেত্রে আগামী ৩ বছর পর্যন্ত তার কর্মস্থান তার জন্যই নির্ধারিত থাকবে।

যে উক্ত অইন অমান্য করবে তাকে ৫১৬ ইউরো হতে ২৫৮২ ইউরোর জরিমানা দিতে হবে।

ঐ সকল শ্রমিকদের এ্যালকোহলের ব্যবহার বা পান করা নিষেধ **যারা কনস্ট্রাকশন বা নির্মানাধীন কাজে নিয়োজিত** এবং ঐ সকল কাজ যার জন্য ২ মিটারের চেয়ে বেশি উপরে উঠতে হয়।

অন্যান্য কর্মক্ষেত্রে যেমন: হাসপাতাল বা স্বাস্থ্য সম্পর্কিত প্রতিষ্ঠান, সামাজিক প্রতিষ্ঠান বা সামাজিক-স্বাস্থ্য প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান, পরিবহন ক্ষেত্র, ট্রেন চলাচলের ক্ষেত্রে নির্ধারিত ব্যক্তিবর্গ, মাটি বা মালামাল বহনকারী গাড়ির চালক, খনির সাথে জড়িত সকল কর্মক্ষেত্রের সবাইকে এ আইন মেনে চলতে হবে। (*১৬ মার্চ ২০০৬ এর ২৫৪০ নং আইন)

**এ সকল কর্মক্ষেত্রে নিয়োজিত ব্যক্তিরা এ্যালকোহল পান** করতে পারবেন না।

তাদের রক্তে অবশ্যই এ্যালকোহলের পরিমান শুন্য এর সমান থাকতে হবে।